গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী
www.deo.rajshahi.gov.bd

স্মারক নং: জেশিঅ/রাজ/ ১৬৪৬ তারিখ: ১৬.০৭.২০২৬খ্রি.

বিষয়: "নতুন কুড়ি স্পোর্টস ২০২৬-২০২৭" এর আওতায় রাজশাহী জেলার শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা'র ক্রীড়া পরিদপ্তর হতে প্রকাশিত রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, "নতুন কুড়ি স্পোর্টস ২০২৬-২০২৭" কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্তে ১০ থেকে ১৪ বছর বয়সী প্রতিভাবান ক্রীড়া শিক্ষার্থীদের খুঁজে বের করতে দেশব্যাপী বিদ্যালয়ভিত্তিক অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য নিম্ন-লিখিত নির্দেশনাসমূহ আপনার আওতাধীন উপজেলা/থানার মাধ্যমিক পর্যায়ের (মাধ্যমিক/মাদ্রাসা/কারিগরি) সকল প্রতিষ্ঠান প্রধান-কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১. ১০ থেকে ১৪ বছর বয়সী (যাদের জন্ম ০১.০৯.২০১২ থেকে ৩১.০৮.২০১৬ এর মধ্যে) শিক্ষার্থীদের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য আগামী ৩১ আগস্ট, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২. শিক্ষার্থীদের https://notunkurisports.gov.bd লিংকের মাধ্যমে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার ক্ষেত্রে কোন প্রকার টাকা ব্যয় হবে না।

০৩. রেজিস্ট্রেশন করার নিমিত্তে খেলার ইভেন্টসমূহের নাম (১০ টি ইভেন্টে বালক ও বালিকাদের অংশগ্রহণের সুযোগ থাকবে): ফুটবল, ক্রিকেট, কাবাডি, দাবা, সাঁতার, ব্যাডমিন্টন, অ্যাথলেটিক্স, ভলিবল, টেবিল-টেনিস এবং মার্শাল আর্ট (কারাতে, জুডো, উশু ও তাইকোয়ানডো)। একজন রেজিস্ট্রেশন সম্পন্নকারী সর্বোচ্চ দুইটি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে।

০৪. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে যতজন শিক্ষার্থী ইচ্ছাপোষণ করবে ততজন শিক্ষার্থীই রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে ২০ (কুড়ি) জন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করে শিক্ষার্থীদের নামের তালিকা dsojahangir@gmail.com ইমেইল ঠিকানায় অথবা ০১৭৩৩২৯৪৮৮১ নম্বর হোয়াটসআপ-এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: রেজিস্ট্রেশন নিয়মাবলি: ০১ পাতা।

১৬/৭/২৬

(মো: জায়েদুর রহমান)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫৬২৫৩
ইমেইল : deorajshahi@yahoo.com

প্রাপক: উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
বাঘা/বাগমারা/চারঘাট/দূর্গাপুর/গোদাগাড়ী/মোহনপুর/পবা/পুঠিয়া/তানোর/বোয়ালিয়া/মতিহার
রাজশাহী।

স্মারক নং- জেশিঅ/রাজ/ তারিখ:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

১। জেলা প্রশাসক, রাজশাহী
২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী
৩। জেলা ক্রীড়া অফিসার, রাজশাহী
৪। অফিস নথি।

(মো: জায়েদুর রহমান)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫৬২৫৩

D:\নয়ন\Wanting\Upazila\2026\নতুন কুড়ি স্পোর্টস-2026\Office Forward.doc